The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 911 | 27 February 2026 | শুক্রবার ১৪ ফাল্গুন অগ্রহায়ণ ১৪৩২


Hochul increases funding as Mamdani sounds alarm on NYC budget hole → Page 18


Judges free Canal Street vendors arrested by ICE → Page 19


Mehazabien refutes 'airport detention' report, says legal action underway → Page 18


I was kept completely in the dark : Shahabuddin → Page 19

# তারেকের নজর ক্যান্টনমেন্ট ও প্রশাসনে

হাসান মাহমুদ/মাসুদ করিম, *ঢাকা থেকে*



বাংলাদেশে নতুন সরকার ক্ষমতা গ্রহণের অল্প কয়েকদিনের মধ্যেই রাষ্ট্রের শীর্ষ গুরুত্বপূর্ণ পদে রদবল করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তবে কিছু রদবদল একেবারেই রুটিন বলে সরকারের পক্ষে দাবি করা হয়। তারেক রহমানের নেতৃত্বে সরকারের শুদ্ধি রদবদল অভিযানের শেষ এখানেই থেমে যাবে না বলে বিশেষজ্ঞরা মনে করছেন। সিভিল প্রশাসন ও ক্যান্টনমেন্টের দিকেই তার নজরদারি। নিজের ও সরকারের নিরাপত্তার কথা ভেবেই তাঁর এই নজরদারি চলছে বলে জানা যায়। শীর্ষ কিছু পরিবর্তন চরম বিতর্কের জন্ম দিয়েছে। এদিকে বিরোধি দল জামায়াতে ইসলামি সরকারের বেশ কিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্তের বিরোধিতা করেছে। জামায়াতের পক্ষ থেকে বলা হয়েছে, রাষ্ট্রপতি তাঁর শপথ ভঙ্গ করেছেন। সিটি কর্পোরেশনে প্রশাসক নিয়োগ দেয়ার চরম বিরোধিতা করা হয়েছে জামায়াতের পক্ষ থেকে। সেনাবাহিনী, পুলিশ, গভর্নর, কূটনীতিসহ বিভিন্ন পর্যায়ে গুরুত্বপূর্ণ নিয়োগ সিদ্ধান্ত বাস্তবায়ন চলছে। সরকারের এসব নিয়োগ নিয়ে অচিরেই বিরোধি দলের পক্ষ থেকে জোরালো জবাবের প্রস্তুতি চলছে বলে আভাস মিলেছে। বাংলাদেশ সেনাবাহিনীর উর্ধ্বতন পর্যায়ে গুরুত্বপূর্ণ *এরপর ২০ পৃষ্ঠায়*



## 'কবি মোহন রায়হানকে অপমান কোন যুক্তিতে'

আহমেদ জহুর

বাংলা একাডেমি ঘোষণা করেও কেন কবি মোহন রায়হানকে পদক দিলো না? আগের দিন স্টেজ রিয়ারসেলও হলো। কে কিভাবে প্রধানমন্ত্রীর কাছ থেকে বাংলা একাডেমি পুরষ্কার গ্রহন করবেন তার মহড়ায় মোহন অংশও নিলেন। অথচ অনুষ্ঠানের শুরুতে তার নামও ঘোষণা করা হলো। শেষ মুহূর্তে তাকে বাদ দেয়া হলো। সবাইকে পুরষ্কার নেবার জন্য এক এক করে ডাকা হলো মঞ্চে। ডাকা হলো না মোহন রায়হানকে। অনুষ্ঠানেই তা নিয়ে গুঞ্জন শোনা যায়। সমালোচনার ঝর উঠলো। *এরপর ২০ পৃষ্ঠায়*



## যমুনায় উঠছেন প্রধানমন্ত্রী তারেক রহমান

আজকাল রিপোর্ট

রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনাতেই উঠছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। সরকারপ্রধানের *এরপর ২০ পৃষ্ঠায়*

## ইরানেও কি ইরাকের মতো ফাঁদে পড়বে যুক্তরাষ্ট্র

আজকাল রিপোর্ট



ইরানের পারমাণবিক কর্মসূচি নিয়ে দেশটির সঙ্গে যুক্তরাষ্ট্রের আলোচনা চলছে। এরই মধ্যে মধ্যপ্রাচ্যে ব্যাপক সেনা সমাবেশ ঘটিয়েছে ওয়াশিংটন। ইরানকে একের পর এক হুমকি দিচ্ছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তিনি বলেছেন, ইরান এমন ক্ষেপণাস্ত্র তেরি করছে, যা যুক্তরাষ্ট্রে আঘাত হানতে সক্ষম হবে। চলতি শতকের শুরুর দিকে ইরাকে হামলার আগে অস্ত্র নিয়ে একই ধরনের কথা বলেছিলেন তৎকালীন মার্কিন প্রেসিডেন্ট জর্জ ডব্লিউ বুশ। যদিও পরে তা ভুল প্রমাণিত হয়েছে। ইরাক অভিযান-পরবর্তী সময়টাও হিসাব নিকাশ অনুযায়ী চলেনি। এখন ট্রাম্পও ইরান ঘিরে একই ধরনের ফাঁদের দিকে এগোচ্ছেন কি না, তা তুলে ধরার চেষ্টা করেছেন সিএনএনের প্রতিবেদক স্টিফেন কলিনসন। ইরাক যুদ্ধের পর *এরপর ৬১ পৃষ্ঠায়*

মন্তব্য প্রতিবেদন

## বাংলাদেশ ব্যাংক নিয়ে এই ঘোলাটে অবস্থা হল কেন

আরশাদ মাহমুদ



অবিশ্বাস্য দ্রুত গতিতে ২৪ ফেব্রুয়ারি বাংলাদেশ ব্যাংক গভর্নর আহসান মনসুরকে বিদায় দিয়ে তার জায়গায় মুস্তাকুর *এরপর ৩০ পৃষ্ঠায়*

## মামদানির ট্যাক্স বৃদ্ধির প্রস্তাবে প্রতিবাদ




আজকাল রিপোর্ট

নিউইয়র্ক সিটির বড় বাজেট ঘাটতি পূরণে প্রপার্টি ট্যাক্স প্রায় ৯.৫ শতাংশ বাড়ানোর প্রস্তাব দিয়েছেন মেয়র জোহরান মামদানি। আর এর প্রতিবাদ উঠেছে শহরব্যাপী।এমনিতেই নিউইয়র্কারদের *এরপর ৬১ পৃষ্ঠায়*

কলম্বিয়ার ছাত্রী আটকের প্রতিবাদ

## ট্রাম্পকে মামদানির ফোন



আজকাল রিপোর্ট

ফেডারেল এজেন্টরা হঠাৎ করে কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ের এক ছাত্রিকে বৃহস্পতিবার আটকের পর তাকে মুক্ত করতে নিউইয়র্ক সিটির মেয়র জোহরান মামদানি প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের কাছে বিষয়টি উত্থাপন করেছেন। ফেডারেল ইমিগ্রেশন এজেন্টরা গ্রেপ্তারের আগে *এরপর ২০ পৃষ্ঠায়*

## জাতিসংঘ সাধারণ পরিষদে সভাপতি পদে লড়বেন খলিল

আজকাল রিপোর্ট



জাতিসংঘের ৮১তম সাধারণ পরিষদ অধিবেশনের অত্যন্ত মর্যাদাপূর্ণ সভাপতি পদে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য বর্তমান পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর *এরপর ২০ পৃষ্ঠায়*

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ২টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $20.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377, Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

GOLDEN AGE HOME CARE
PCA/HHA Home care & Skilled Nursing
718-775-7852

সরকারী অনুদানে বাসা ও ব্যবসা প্রতিষ্ঠানে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?
GREE MECHANICAL YONKERS
আপনি কি বাড়ীর হিটিং বিল নিয়ে চিন্তিত?
সরকারী অনুদানে $8000-$10000 ডলার।
বিস্তারিত জানতে কল করুন
914-222-9477, 914-989-0089
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave, Yonkers NY 10710
তোফায়েল চৌধুরী

আরবি শিখুন, বাচ্চাদের শেখান
Contact Us
আপনার জন্য থাকবে একজন একান্ত নিবেদিত শিক্ষক, যিনি কেবল আপনাকেই শেখাবেন। বাংলা বা ইংরেজিতে শিখতে পারবেন। সন্তুষ্টি গ্যারান্টি ও সাশ্রয়ী মাসিক ফি।
যোগাযোগ: (646) 400-0786
TWO FREE SESSIONS!

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312055

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন, নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্ত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
▪ TAX Liens Charge-Offs ▪ Inquiries ▪ Collections
▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem, Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কন্সট্রাকশন কাজে দুর্ঘটনা, গাড়ী/বিল্ডিং এ দুর্ঘটনা
হাসপাতালে বিকালাঙ্গ শিশুর জন্ম, ফেডারেল ডিসএবিলিটি
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ 917-282-9256
email: moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury, Attorney at Law

MEGA insurance BROKERAGE
TLC UBER, LYFT, YELLOWCAB, BLACK CAR ইন্স্যুরেন্সের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
আমরা দিচ্ছি ফ্রি কোটেশন সুবিধা
TAXI-LIMOUSINE INSURANCE EXPERT
WE OFFER DMV/TLC SERVICES & CLAIMS
RAJIB AHMED, PRESIDENT & CEO
LICENSED REAL ESTATE EXPERT
DIRECT: 718-730-5290 OFFICE: 212-721-0001
32-47 57TH ST, WOODSIDE, NY 11377

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স
পেরোল | বিজনেস সেটআপ
ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE

NEW YORK SENIOR
ADULT DAYCARE

নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার

WE HAVE MOST PROMINENT MLTC CONTACT

healthfirst
elderplan
Anthem
Hamaspik
RiverSpring Living
MetroPlus Health
SWH Senior Whole Health





SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO



FUHAD HUSSAIN
CCO



MOHAMMAD ZAHID ALAM
CFO

- We Provide Transportation for Pick-Up and Drop Off
- Both Halal and Vegetarian Food Option

সর্বোচ্চ সেবার নিশ্চয়তা

CALL US NOW:
718-516-3425

A SISTER CONCERN OF
SHAH NAWAZ GROUP
SNG SHAH NAWAZ GROUP

Design by: ihopeprint.com, 929-538-7903

CONTACT US:

Off: 718-516-3424 | FAX: 646-568-6474
newyorksadc.com | intake@ny-sadc.com
116-33 Queens Blvd, Forest Hills, NY 11375
86-11 101 Avenue, Ozone Park, NY 11416


NY INSURANCE BROKERAGE INC
NYI
NY INSURANCE BROKERAGE
আপনি কি
TLC প্লেট নিতে চান??
NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ
যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২)
প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি,
তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।
এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত
যোগাযোগ করুণ
Design & Print by: ihopeprint.com, 929-538-7903
T462355C
CONTACT US:
SCAN ME
718-476-2025
71-16 35th Avenue, Jackson Heights, NY 11372
office@nyinsuranceb.com
www.nyinsurancebrokerage.us

# খালেদা জিয়া জুনিয়র


## আবু জুবায়ের

বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসের পটভূমি বিশ্লেষণ করলে দেখা যায়, নির্দিষ্ট কিছু পরিবারের ত্যাগ,সংগ্রাম এবং নেতৃত্বের পরম্পরা জাতীয় জীবনের মোড় পরিবর্তন করে দিয়েছে। সেই ধারায় নব্বইয়ের দশকের উত্তাল সময়ে বেগম খালেদা জিয়ার আপসহীন নেতৃত্ব যেমন স্বৈরাচারবিরোধী আন্দোলনে নতুন মাত্রা দিয়েছিল, ঠিক তেমনি বর্তমান সময়ে তাঁর তৃতীয় প্রজন্মের প্রতিনিধি হিসেবে ব্যারিস্টার জাইমা রহমানের আবির্ভাব বাংলাদেশের রাজনীতিতে এক নতুন আশার সঞ্চার করেছে। একটি দলের নেতৃত্বের পালাবদল নয়, বরং আধুনিক শিক্ষা, মার্জিত রুচি এবং প্রগতিশীল চিন্তাধারার এক অনন্য সংমিশ্রণ, যা দেশের তরুণ প্রজন্মের কাছে এক শক্তিশালী বার্তা বহন করছে। জাইমা রহমানের রাজনৈতিক ও সামাজিক পরিচয় কেবল তাঁর পারিবারিক ঐতিহ্যের মধ্যে সীমাবদ্ধ নয়, বরং নিজের মেধা ও সাহসের মাধ্যমেই তিনি আজ দেশবাসীর হৃদয়ে নিজের জায়গা করে নিয়েছেন।

জাইমা রহমানের জন্ম ও বেড়ে ওঠার সময়কালটি ছিল বাংলাদেশের রাজনীতির এক গুরুত্বপূর্ণ সন্ধিক্ষণ। ১৯৯৫ সালের ২৬ অক্টোবর ঢাকায় জাইমা রহমানের জন্ম হয় । তার জন্মের পর তাকে কেন্দ্র করে একটি অত্যন্ত আবেগী ও শৈল্পিক ঘটনা ঘটেছিল, যা আজও সাহিত্যের ইতিহাসে এক অমলিন স্মৃতি হয়ে আছে। তৎকালীন সময়ের প্রখ্যাত সাংবাদিক ও ছড়াকার আবু সালেহ, যিনি স্বৈরাচারবিরোধী আন্দোলনের ছড়াশিল্পের এক কিংবদন্তি, তিনি জাইমা রহমানের জন্মের পর একটি বিশেষ উদ্যোগ গ্রহণ করেন। তিনি শিশুদের জন্য দশাধির ঠোঁটে ছন্দ শিরোনামে অসাধারণ ছড়ার বই রচনা করেন এবং সেই বইটি জাইমা রহমানের নামে উৎসর্গ করেন।

বইটি যখন বাংলাদেশ শিশু একাডেমি থেকে প্রকাশিত হলো, তখন আবু সালেহ সেটি ব্যক্তিগতভাবে উপহার দেয়ার জন্য বেগম খালেদা জিয়ার কার্যালয়ে যান। সেখানে এক অত্যন্ত আনন্দঘন পরিবেশের সৃষ্টি হয়েছিল। আবু সালেহ বেগম খালেদা জিয়ার কাছে বইটি হস্তান্তর করার সময় অত্যন্ত বিনয়ের সাথে বলেছিলেন, 'ম্যাডাম, খালেদা জিয়া জুনিয়র-এর নামে উৎসর্গ করে এই ছড়ার বইটি প্রকাশ করেছি এবং আপনাকে উপহার দিতে এসেছি।' এই আন্তরিক সম্বোধন শুনে বেগম খালেদা জিয়া অত্যন্ত খুশি হন এবং তার নাতনিকে নিয়ে করা এই কাজটির প্রশংসা করেন। তিনি তখন হাসিমুখে সায় দিয়ে বলেছিলেন, 'জাইমা আসলেই আমার ডুপ্লিকেট হয়েছে'। এই উক্তিটি কেবল স্নেহের বহিঃপ্রকাশ ছিল না, বরং এটি ছিল এক প্রজন্মের মধ্যে অন্য প্রজন্মের চারিত্রিক ও আদর্শিক প্রতিচ্ছবি খুঁজে পাওয়ার এক রাজনৈতিক স্বীকৃতি। আবু সালেহর সেই ছড়ার বইটি আজ কেবল একটি শিশুপাঠ্য গ্রন্থ নয়, বরং জাইমা রহমানের রাজনৈতিক ভবিষ্যতের এক অদৃশ্য শুভকামনা হিসেবে বিবেচিত হতে পারে।

জাইমা রহমানের পারিবারিক ও সাংস্কৃতিক পটভূমি বিশ্লেষণ করলে দেখা যায়, তিনি শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার নাতনি । তার পিতা বিএনপির চেয়ারম্যান তারেক রহমান (বর্তমান প্রধানমন্ত্রী) এবং মাতা কার্ডিওলজিস্ট ডা. জুবাইদা রহমান । তার মাতামহ ছিলেন সাবেক নৌবাহিনী প্রধান রিয়ার অ্যাডমিরাল মাহবুব আলী খান। এমন এক বর্ণাঢ্য পরিবারে বেড়ে ওঠার কারণে দেশপ্রেম ও সামাজিক দায়বদ্ধতা তার মজ্জাগত হয়ে দাঁড়িয়েছে।



২০০৮ সালের রাজনৈতিক পরিস্থিতির প্রেক্ষাপটে জাইমা রহমানকে তার পরিবারের সাথে লন্ডনে পাড়ি জমাতে হয়। লন্ডনের এই দীর্ঘ ১৭ বছরের প্রবাস জীবন ছিল তার জন্য এক গভীর প্রস্তুতির সময়। প্রবাসে থাকলেও জাইমা কখনো তার শিকড় ভুলে যাননি। তার নিজের ভাষায়, 'আমি কখনোই আমার শিকড় ভুলে যাইনি এবং আমার হৃদয়ে সবসময় বাংলাদেশ ছিল'। লন্ডনের কুইন মেরি ইউনিভার্সিটি থেকে তিনি অত্যন্ত সফলতার সাথে তার আইন বিষয়ে ডিগ্রি সম্পন্ন করেন এবং পরবর্তীতে ২০১৯ সালে ঐতিহ্যবাহী লিংকনস ইন থেকে বার-অ্যাট-ল সনদ প্রাপ্ত হন।

পেশাগত জীবনে একজন ব্যারিস্টার হিসেবে তিনি কেবল আইনি লড়াই শিখেননি, বরং মানুষের অধিকার আদায়ের পথগুলোকেও রপ্ত করেছেন। লন্ডনের এই সময়কাল তাকে একজন বাস্তববাদী মানুষ হিসেবে গড়ে তুলেছে এবং তাকে এক বৈশ্বিক দৃষ্টিভঙ্গি প্রদান করেছে। তার আইনি ক্যারিয়ারে তিনি সবসময় বঞ্চিতদের পাশে দাঁড়ানোর চেষ্টা করেছেন এবং ন্যায়বিচারের গুরুত্ব অনুধাবন করেছেন। এই শিক্ষা ও অভিজ্ঞতা তাকে বাংলাদেশের ভবিষ্যৎ রাজনীতিতে এক দক্ষ ও বুদ্ধিদীপ্ত নেতৃত্ব হিসেবে প্রতিষ্ঠিত করার পথে সহায়তা করছে।

২০২৪ সালের জুলাই বিপ্লব বাংলাদেশের ইতিহাসের গতিপথ পরিবর্তন করে দিয়েছে। ছাত্র-জনতার এই গণঅভ্যুত্থানের সময় জাইমা রহমান লন্ডনে থাকলেও নেপথ্যে থেকে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন। তিনি তাঁর বাবার পাশে থেকে আন্তর্জাতিক সম্প্রদায়ের কাছে বাংলাদেশের প্রকৃত পরিস্থিতি তুলে ধরার জন্য নিরলস কাজ করেছেন। ৫ই আগস্টের পর যখন বাংলাদেশে নতুন রাজনীতির সূর্য উদিত হলো, তখন



তিনি চান এমন এক বাংলাদেশ, যেখানে ভিন্নমতের মর্যাদা থাকবে এবং ধর্ম-বর্ণ নির্বিশেষে সবাই সমান অধিকার ভোগ করবে। শহীদ জিয়ার দর্শন আর বেগম জিয়ার আপসহীন আদর্শকে বুকে ধারণ করে জাইমা রহমান এগিয়ে যাচ্ছেন আগামীর নতুন বাংলাদেশ গড়ার প্রত্যয়ে। তার এই পথচলা বাংলাদেশের গণতন্ত্রকে আরও সমৃদ্ধ করবে এবং দেশবাসীকে এক উন্নত ও সম্মানজনক জীবনের স্বপ্ন দেখাবে-এটাই আজ সমগ্র জাতির প্রত্যাশা। জাইমা রহমানের এই ইতিবাচক রাজনীতিই হতে পারে বাংলাদেশের অন্ধকার কাটিয়ে আলোর পথে ফেরার মূল চাবিকাঠি। তার প্রতিটি পদক্ষেপ যেন হয় গণমানুষের কল্যাণে এবং দেশের সার্বভৌমত্ব রক্ষায় এক অটল দুর্গ। বাংলাদেশের সাধারণ মানুষের দোয়া ও ভালোবাসা জাইমা রহমানের এই দীর্ঘ লড়াইয়ের পথকে আরও মসৃণ ও সফল করবে

# তথ্যমন্ত্রীর উদ্দেশে লেখা

## হানিফ সংকেত

গঠনমূলক সমালোচনা আত্মশুদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করে। টেলিভিশনের উন্নতির জন্য দক্ষ জনশক্তি, আধুনিক কারিগরি সরঞ্জাম, শিল্পীদের সম্মানী-সেসবের প্রতি কোনো তথ্যমন্ত্রীই আন্তরিক ছিলেন না। এমনকি যুগোপযোগী অনুষ্ঠান নির্মাণের জন্য যে উদ্যোগ ও পরিকল্পনা প্রয়োজন, তারও অভাব রয়েছে। আর্থিক ও দক্ষ জনশক্তি-সংকট এর জন্য দায়ী। আশা করি, নতুন তথ্যমন্ত্রী এসব সমস্যা সমাধানে আন্তরিক হবেন। সরকারি নির্দেশ পালন করাই যেন এই রাষ্ট্রীয় টেলিভিশনটির প্রধান কাজ না হয়। এই প্রচারযন্ত্রটিকে সব ধরনের কালো আইনমুক্ত রাখতে হবে। থাকবে অসত্য তথ্যবর্জিত বস্তুনিষ্ঠ সাদা সংবাদ। শুধু দলীয় শিল্পী বা বুদ্ধিজীবী নয়, দলমত-নির্বিশেষে সবার জন্যই উন্মুক্ত থাকবে দেশের একমাত্র রাষ্ট্রযন্ত্র বাংলাদেশ টেলিভিশন-এই প্রত্যাশা সবার

বহুল আকাঙ্ক্ষিত ও আলোচিত ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বিজয়ী দল বিএনপি গঠন করেছে নতুন সরকার। গত কয়েকটি সরকার গঠনের আগেই ভবিষ্যৎ তথ্যমন্ত্রী ও তথ্য উপদেষ্টার দৃষ্টি আকর্ষণ করে বাংলাদেশ টেলিভিশনকে যুগোপযোগী করে গড়ে তোলার লক্ষ্যে প্রথম আলোতে কলাম লিখেছিলাম। এবার সরকারের নতুন তথ্যমন্ত্রীর উদ্দেশে আমার এই লেখা।



সরকার পরিবর্তন হলেও গণমাধ্যমের, বিশেষ করে রাষ্ট্রীয় প্রচারমাধ্যম বাংলাদেশ টেলিভিশনের প্রচার-প্রচারণা ও অনুষ্ঠানমালায় উল্লেখযোগ্য কোনো পরিবর্তন হয় না। টেলিভিশন আমাদের আধুনিক জীবনের এক অপরিহার্য অঙ্গ। আর রাষ্ট্রীয় টেলিভিশনের দায়িত্ব অনেক।

রাষ্ট্রীয় এই টেলিভিশনকে মেনে চলতে হয় তিনটি মূল বিষয়-শিক্ষা, তথ্য ও বিনোদন। তাই যেকোনো ব্যবসায়িক ইভেন্ট, প্রতিযোগিতার অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে মাসের পর মাস টেলিভিশনের মূল্যবান সময়ক্ষেপণের কোনো সুযোগ নেই। বিজ্ঞাপন না পেলেও শিক্ষা, স্বাস্থ্য, পরিবেশ এসব বিষয়কে নিয়ে বাংলাদেশ টেলিভিশনে বিভিন্ন অনুষ্ঠান প্রচার করতে হয়। বিটিভির মাধ্যমেই দেশের সিংহভাগ দর্শক শিক্ষা, সংস্কৃতি, জনস্বাস্থ্য, কৃষিসহ বিভিন্ন বিষয়ের ওপর পরামর্শ লাভ করেন। এ ছাড়া রাষ্ট্রীয় টেলিভিশনের মাধ্যমেই প্রতিটি সরকার তার বিভিন্ন কার্যক্রম প্রচার করে থাকে। রাষ্ট্রীয় বিভিন্ন অনুষ্ঠান ও খেলাধুলা সরাসরি সম্প্রচারও করা হয়।

দীর্ঘ ৩৮ বছর একনাগাড়ে বিটিভিতে কাজ করতে গিয়ে তথ্য মন্ত্রণালয়কে রাজনৈতিক দায়িত্ব পালন করতেই দেখেছি বেশি। যেহেতু আমার কোনো দলবল নেই এবং আমি রাজনীতিমুক্ত মানুষ, তাই চেষ্টা করেছি এদের কাছ থেকে নিরাপদ দূরত্বে থাকতে। তবে অনুষ্ঠানের ওপর কালো আইন প্রয়োগ করে কোনো শিল্পীকে কালোতালিকাভুক্ত করলে কিংবা কোনো অসংগতি প্রদর্শনের ব্যাপারে আপত্তি জানালে কথা হতো, তবে তা প্রতিবাদের ভাষায়।

কারণ, অদ্যাবধি আমার জানামতে কোনো তথ্যমন্ত্রীই শিল্পীদের সুবিধা-অসুবিধা নিয়ে তেমন কোনো শুভ উদ্যোগ গ্রহণ করেননি। ওপরের নির্দেশে কর্তৃপক্ষ বেছে বেছে তাদের দলীয় শিল্পীদের নিয়েই মতবিনিময় করত এবং টিভি পর্দাকে বিভিন্নভাবে দলীয় স্বার্থে ব্যবহার করত। যে কারণে ক্ষমতার পটপরিবর্তনের পর তাদের তৈলাক্ত কর্মকাণ্ড ইউটিউবের শর্টস কিংবা ফেসবুকের রিলসে ভেসে বেড়িয়েছে।



আওয়ামী লীগ সরকারের পতনের পর এদের অনেকেই বিভিন্ন মন্ত্রণালয়ে সমাদৃত হয়েছে। কেউ আবার নির্বাসিত হয়েছে। দীর্ঘকাল দলীয় সরকারের পর অন্তর্বর্তীকালীন সরকারের সময়ে ভেবেছিলাম টিভিতে নিরপেক্ষভাবে সবকিছু প্রচার হবে। অথচ টিভি কর্তৃপক্ষ থাকা সত্ত্বেও এ সময়ও বহিরাগত কিছু ব্যক্তিকে দিয়ে প্রিভিউ করা হয়েছে বিভিন্ন অনুষ্ঠান। টেলিভিশনে কোন শিল্পীকে দেখানো যাবে, কাকে দেখানো যাবে না, সে বিষয়েও তারা সিদ্ধান্ত দিত।

অন্তর্বর্তী সরকারের স্বল্প মেয়াদে মন্ত্রণালয়ের কর্মকাণ্ড বুঝে ওঠার আগেই তিন-তিনবার উপদেষ্টা বদল হয়েছে। ফলে এসব ব্যাপারে তথ্য উপদেষ্টার খুব একটা ভূমিকা ছিল বলে মনে হয় না। তা ছাড়া আগে মন্ত্রীরাই সরকারের মুখপাত্রের দায়িত্ব পালন করতেন, কিন্তু এই সময়ে একজন প্রেস সচিব সেই দায়িত্ব পালন করেছেন।

**গণমাধ্যম: সাদাকে সাদা আর কালোকে কালো বলার সাহস পাক**

অন্তর্বর্তীকালীন সরকার একটি উৎসবমুখর নির্বাচনের আয়োজন করে। নির্বাচনী প্রচারও ছিল জমজমাট। প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার ছিল সব দলেই। সুরকার ও গীতিকার হিসেবে কৃত্রিম বুদ্ধিমত্তা বা এআইয়ের ভূমিকা ছিল বলিষ্ঠ। তবে প্রচার-প্রচারণায় অশ্রাব্য-অশ্লীল শব্দ প্রয়োগ ছিল শ্রুতিকটু। নতুন সরকারের তথ্য মন্ত্রণালয়ের প্রতি অনুরোধ থাকবে এসব অশ্লীল শব্দ বা গালি যেন কোনো মাধ্যমেই দেখা না যায়। কারণ, এর কারণে শিশুরাও প্রভাবিত হচ্ছে। ক্ষতিগ্রস্ত হচ্ছে আমাদের সাংস্কৃতিক ঐতিহ্য। তাই অনতিবিলম্বে এসব অশ্লীলতা দমনে কর্তৃপক্ষের কঠোর পদক্ষেপ গ্রহণ করতে হবে।

এবারের নির্বাচনে ঈদের ছুটির মতোই লঞ্চ-ট্রেন বোঝাই মানুষ ছুটেছে নিজ নিজ এলাকায়। উদ্দেশ্য, তার মূল্যবান ভোটটি দেওয়া। আমরা আশা করি, সমস্যা সমাধানের জন্য বিজয়ী ও বিজিত দল একাত্ম হয়ে দেশের উন্নয়নে ভূমিকা রাখবে।

আমাদের সবচেয়ে বড় শত্রু হচ্ছে দারিদ্র্য, ক্ষুধা, চাঁদাবাজি, অশিক্ষা, চিকিৎসা। এসব সমস্যা সমাধান করতে হলে প্রয়োজন যোগ্য জায়গায় যোগ্য লোক। সরকারের দায়িত্বশীল পদে দুর্নীতিবাজ, অসৎ ও অযোগ্য লোক যেন নির্বাচন করা না হয়। নতুন পদে হয়তো অনেকের প্রশাসনিক অভিজ্ঞতা থাকবে না। তবে কর্মক্ষেত্রে সততা, নিষ্ঠা ও আন্তরিকতা থাকাটাই যথেষ্ট।

আমাদের এই ক্রান্তিকালে প্রয়োজন ন্যায় ও জ্ঞানভিত্তিক সমাজ গড়ে তোলা। জ্ঞানের চেয়ে এখন পেশিশক্তি, অসততা ও কালোটাকার দাপট অনেক বেশি। সমাজের সর্বস্তরেই জবাবদিহি, স্বচ্ছতা ও ভারসাম্য নিশ্চিত করা জরুরি। আমাদের দলীয় চাটুকারদের নয় বরং সমাজের জ্ঞানী, গুণী, সৎ ও মেধাবীদের এরপর ২৭ পৃষ্ঠায়

# এটর্নী মঈন চৌধুরী LAW OFFICES

## Toll Free: 1-866-MOIN-LAW
## Cell: 917-282-9256
**(To schedule appointment only)**


Michael Taub, Esq.


Moin Choudhury, Esq.

**এক্সিডেন্ট কেইসেস-মেডিক্যাল ম্যালপ্রেক্টিস**
## বিনামূল্যে পরামর্শ
**প্রয়োজনে এটর্নী বাসায় বা হাসপাতালে আসবেন**


- গাড়ী এক্সিডেন্ট
- কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
- বিল্ডিং এ দূর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- ট্রিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- বিকলাঙ্গ শিশুর জন্ম
- লেড পয়জনিং
- কাজের জায়গায় দূর্ঘটনা

## IMMIGRATION
(Consultation fee applies)







## ক্লায়েন্টেদের জন্য আমরা মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি


Attorney Michigan Only.


Attorney Michigan Only.


Attorney New Jersey Only


Attorney, Buffalo New York Only


Attorney Connecticut Only


Attorney Pennsylvania Only

## WWW.MOINLAW.COM


Prior result does not guarantee future outcome of any cases. Moin Choudhury is admitted in Michigan State only and also admitted in the Supreme Court of the United States. Michael Taub is admitted in New York State Only and also admitted in the NY Federal District Courts.

দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০



- ওমরাহ প্যাকেজ
- ওমরাহ ভিসা
- মোয়াল্লেম
- হোটেল ও ট্রান্সপোর্ট



বিশ্বের সকল দেশের ভিসা প্রসেসিং করা হয়



Mohammad B Hossain (Belal)
President & CEO

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

৭৪৯
JFK-Dhaka-JFK Return

আমরা IATA অনুমোদিত
আমরা ARC অনুমোদিত

DELTA AIR LINES
Biman Bangladesh Airlines
American Airlines
ETIHAD AIRWAYS
QATAR AIRWAYS
Emirates
KUWAIT AIRWAYS




বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার

বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।



আবু তাহের খান — ট্রাভেল কনসালটেন্ট
কাঞ্চন — ট্রাভেল কনসালটেন্ট
জামান রঞ্জু — ট্রাভেল কনসালটেন্ট
কে.এম. শহিদ — ট্রাভেল কনসালটেন্ট
মাহির — ট্রাভেল কনসালটেন্ট
জাহাঙ্গীর — ট্রাভেল কনসালটেন্ট
নিলয় — ট্রাভেল কনসালটেন্ট

**NEW YORK OFFICE**
73-05 37th Road,
Jackson Heights
NY 11372

**ATLANTA OFFICE**
4229 1st Ave, Suite B,
Tucker, GA 30084
Tel: 404-704-7753

**DHAKA OFFICE**
Floor #03, House #09
Road # 17, Block-E,
Banani, Dhaka-1213
+88 01711256872

**Phone: 917-396-4140, 917-592-7828**

# তারেক রহমানের সামনে 'স্টেটসম্যান' হওয়ার সুযোগ এসেছে

সৌমিত জয়দ্বীপ

তারেক রহমানের সামনে 'স্টেটসম্যান' হওয়ার সুযোগ এসেছে। সেটা কি তিনি সরকারপ্রধান হিসেবে হবেন, নাকি দলীয় প্রধান হিসেবে হবেন, নাকি সব ভূমিকা একত্র করে হবেন, সেটাই দেখার বিষয়। ইতিহাস সবাইকে সমান সুযোগ দেয় না। কাউকে কাউকে দেয়; সুযোগ দেয় স্টেটসম্যান (রাষ্ট্রনায়ক) হওয়ার। কেউ সেটা ধারণ করতে পারেন। কেউ বুঝে ওঠার আগেই জলাঞ্জলি দেন সব সম্ভাবনা।

এ প্রসঙ্গে কীর্তিমান জাতীয় অধ্যাপক আব্দুর রাজ্জাকের কথাটা বারবার মনে পড়ে। আহমদ ছফার বহুল চর্চিত যদ্যপি আমার গুরু বইয়ে তিনি অধ্যাপক রাজ্জাকের বরাতে বলেছেন, 'ইতিহাস শেখ সাহেবরে স্টেটসম্যান অইবার একটা সুযোগ দিছিল। তিনি এইডা কামে লাগাইবার পারলেন না।' (পৃষ্ঠা ৭৩) যে প্রসঙ্গে এ কথাটা তিনি বলেছেন, সেটা ১৯৭২ সালের ঘটনা। সদ্য স্বাধীন দেশে যে বিপুল সংকট ও সম্ভাবনা ছিল, সেগুলো যথাযথভাবে মোকাবিলা করা গেল না। রাষ্ট্রক্ষমতা গ্রহণ করে দিকপাল নেতারা জনগণ থেকে বিচ্ছিন্ন হয়ে পড়লেন। দল ভেঙে পড়ল ভেতর থেকে, বাইরে থেকেও। মানুষ হতাশায় নিমজ্জিত হলেন। একটার পর একটা অঘটন ঘটতেই থাকল। পরিণতিতে ঘটল পঁচাত্তরের ভয়াবহ ১৫ আগস্ট।

২.

বাংলাদেশের স্বাধীনতার পর যে পরিস্থিতি তৈরি হয়েছিল, তার মতো না হলেও, প্রায় কাছাকাছিই এক ধরনের অবস্থায় আছি আমরা। এমন নয় যে এই পঞ্চান্ন বছরে নানা ধরনের রাজনৈতিক ও রাষ্ট্রিক সংকট আমাদের ওপর সওয়ার হয়নি; হয়েছে। কিন্তু সেগুলোর বৈশিষ্ট্য বা প্রবণতা এই সময়ের তুলনায় একদমই ভিন্ন। জাতীয়, আঞ্চলিক ও বৈশ্বিক রাজনীতি মিলিয়ে বাংলাদেশ একটা জ্বলন্ত স্ফুলিঙ্গের ওপর বসে আছে। এই সংকট তৈরিই হতো না, যদি জুলাই গণ-অভ্যুত্থানের স্বকীয় ও স্বতঃস্ফূর্ত বৈশিষ্ট্য ধরে রাখা যেত। বহু বৈচিত্র্যময় বাংলাদেশে মুক্তিযুদ্ধ, নারী, অসাম্প্রদায়িকতা, সাংস্কৃতিক ঐতিহ্য, ভিন্নমত কোণঠাসা হয়ে পড়ল, অনেক ক্ষেত্রেই দক্ষিণপন্থা নিয়ন্ত্রক হয়ে উঠেছিল। নির্বাচনকে ঠেকিয়ে দেওয়ারও কৌশল নেওয়া হলো নানা ইস্যুর ধুয়া তুলে। ফলে চব্বিশের ৫ আগস্টের পর রাষ্ট্র সংস্কারের যে বিপুল সম্ভাবনা তৈরি হয়েছিল, তা যথাযথভাবে প্রস্ফুটিত হতে পারল না।

একদিকে বিপুল সম্ভাবনা, আরেক দিকে নানামাত্রিক রাজনৈতিক ও সামাজিক সংকটের মধ্য দিয়েই বাংলাদেশে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন হয়ে গেল। জনগণ বিএনপিকে দুই-তৃতীয়াংশ আসনে বিজয়ী করল। যে রাজনৈতিক সংকটের মধ্যে বাংলাদেশ ঢুকে যাচ্ছিল, সেখানে বিএনপির শক্ত প্রচারণা ও অবস্থান জনগণের সিংহভাগ অংশকে আশ্বস্ত করতে পেরেছিল যে বাংলাদেশ মুক্তিযুদ্ধের পথ ধরেই চলবে।

মনে পড়ে, জুলাই আন্দোলনের সময় রব উঠেছিল, 'বিকল্প কে?' ছাত্র-জনতা বলেছিল, 'তুমি ও আমি।' সত্যিই গত ১৮ মাস সেই মানুষগুলো ফ্যালফ্যাল করে দেখেছে মববাজি, জ্বালাও পোড়াও, তাণ্ডব, নারীর প্রতি অসম্মান, অনলাইনে বট আক্রমণ আর আইন নিজের হাতে তুলে নেওয়ার তাণ্ডবলীলা। আন্দোলনে রাজপথে নামা বহু মানুষকে শুনতে হয়েছে, 'এখন কেমন লাগে?' গণ-অভ্যুত্থানের ছাত্র নেতৃত্ব সেই ভরসার জায়গা থেকে বিচ্যুত হয়ে গেলেন। মানুষ আরও বেশি বিপর্যস্ত বোধ করতে শুরু করলেন।



সেই মানুষ, যাঁর চেতনায় বাংলাদেশের জন্মঋণ শোধের অভিপ্রায়, সেই মানুষ ১২ ফেব্রুয়ারি ব্যালট বিপ্লবের মধ্য দিয়ে তাঁর রায়ে জানিয়ে দিলেন, তাঁর কাছে সব সময়ই বিকল্প থাকে। বিকল্পের ভয় তাঁকে দেখানোর দিন আসলে শেষ।

দল যেটাই হোক, তাদের অতীত শাসনামল যেমনই হোক, মানুষ কিন্তু সেসব বিবেচনায় নেয়নি। তার বিবেচনায় ছিল একদম ঘটমান বর্তমান আর অতীত বলতে একদম গোড়ায় দেশের জন্মলগ্নের রক্তাক্ত ইতিহাস। সেখানে পক্ষ একটাই-মুক্তিযুদ্ধ। পন্থা একটাই-মুক্তিযুদ্ধের বাংলাদেশ। ধর্ম-বর্ণ-জাতি নির্বিশেষে এই ভোট যেন পরিণত হলো মুক্তিযুদ্ধের পক্ষশক্তির গণজোয়ারে।

৩.

মুক্তিযুদ্ধ ও প্রগতিশীল বাংলাদেশের পক্ষে এটা বিএনপিকে জনগণের উপহার! বিএনপি যতটা জিতেছে, তার চেয়েও বেশি প্রগতিপন্থী জনগণ তাকে জিতিয়েছে। রাজনৈতিক দল হিসেবে এই অর্জন নিঃসন্দেহে গৌরবের-'জনগণ আমাকেই চায়'। কিন্তু এই অর্জন তো প্রভূত চাপেরও। এটা নিশ্চয়ই জনগণের প্রত্যক্ষ ভোটে নির্বাচিত বাংলাদেশের সংখ্যাগরিষ্ঠ দলের নেতা তারেক রহমান অনেক বেশি অনুভব করতে পারছেন।

আদর্শিক, গাঠনিক, অর্থনৈতিক, সাংস্কৃতিক, সামাজিক ও সর্বোপরি রাজনৈতিক-কোনো দিক দিয়েই তো বাংলাদেশ ঠিক অবস্থায় নেই; না দেশে, না বিদেশে। নির্বাচনের আগে অনেক কথাই তো বলা যায়, কিন্তু সামনে যে বাধার বিন্ধ্যাচল, তা পাড়ি দেওয়ার চ্যালেঞ্জ তো কম নয়। কীভাবে জনগণের মেজরিটি পার্টির নেতা এই চ্যালেঞ্জ মোকাবিলা করবেন? ভোটের পর বিএনপির বৃহস্পতি এখন তুঙ্গে! জনগণ তাদের বৈতরণি পার করে দিয়েছে। কিন্তু সত্যিই কি গত ২০০৬-২০২৬, এই ২০ বছরের রাজনৈতিক শূন্যতা ও চর্চার অভাব তাদের দূর হয়েছে? নির্বাচনে জিতলেই কি এটা বলা যাবে যে বিএনপি অনেক সুসংগঠিত দল? এখন 'দুধের মাছি বাড়বে' স্বভাবতই। তখন কি বিএনপি পার্টি হিসেবে ঠিকঠাক ফাংশন করতে পারবে?

এরপর ২৮ পৃষ্ঠায়



হয়তো পরিবর্তনের স্বার্থে মেলানোটাও সংগত নয়। এক্ষেত্রে সব দলের সহমতই সর্বোচ্চ আইন। আমরা দেশে একটি নতুন সামাজিক চুক্তি হোক দাবি করেছিলাম। এখন দেখছি সামাজিক চুক্তির পথটিও বাধাহীন নয়। যা হোক, শুরু করেছিলাম এই কথা বলে যে, আমাদের দেশে গণতন্ত্রের পথে বিভিন্ন সময়ের অভিযাত্রা বারবার ব্যাহত হয়েছে। এবার ১৪০০ মানুষের আত্মদান ও হাজার হাজার মানুষের আহত হওয়া ও পঙ্গুত্ববরণের পর যদি আশাহত হওয়ার মতো ক্ষুদ্রতম কোনো ঘটনা ঘটে, তাহলে এর চেয়ে দুঃখের আর কিছু হবে না। কথায় বলে, 'ঘর পোড়া গরু সিঁদুরে মেঘ দেখলে ভয় পায়'। ১২ ফেব্রুয়ারির নির্বাচনের পর কিছু ঘটনা সিঁদুরে মেঘ দেখার মতো ভয়জাগানিয়া বলে মনে হয়। হয়তো কেউ এটাকে বলবেন বিভ্রম। তা-ই যেন সত্য হয়

# পেশিশক্তিকে প্রাধান্য দিচ্ছে যুক্তরাষ্ট্র

পেইমান সালেহি

এমন অবস্থায় সামরিক শক্তি প্রদর্শন করার মাধ্যমে ওয়াশিংটন আসলে বাজারকে এই আশ্বাস দিতে চায় যে, আমেরিকার কেন্দ্রিকতা এখনো অক্ষুণ্ণ আছে। ২০২৬ সালের ফেব্রুয়ারি পর্যন্ত প্রাপ্ত তথ্য অনুযায়ী, প্রশ্ন এটি নয় যে যুক্তরাষ্ট্র কি এখনো শক্তিশালী? অবশ্যই তারা শক্তিশালী। আসল প্রশ্ন হলো, অতিরিক্ত চাপ, শর্তসাপেক্ষ মিত্রতা এবং ভীতি প্রদর্শনের মাধ্যমে তারা যে পদ্ধতিতে ক্ষমতা ধরে রাখতে চাইছে, তা বিশ্বব্যবস্থাকে স্থিতিশীল করবে নাকি টুকরো টুকরো করে ফেলবে? ইরানসহ আঞ্চলিক শক্তিগুলোর কাছে এই অনিশ্চয়তা একটি বার্তাই দেয় : সতর্ক থাকো, বিকল্প তৈরি করো এবং ওয়াশিংটনের সঙ্গে সম্পর্ককে একমাত্র গন্তব্য না ভেবে পরিবর্তনশীল বিশ্বের একটি বিকল্প হিসাবে বিবেচনা করো

২০২৬ সালের শুরুর দিকে মার্কিন পররাষ্ট্রনীতিতে একটি পরিবর্তন স্পষ্ট হয়ে উঠেছে। মনে হচ্ছে, ওয়াশিংটন এখন আর আন্তর্জাতিক নিয়মনীতির ভাষায় নয়, বরং সরাসরি 'লেভারেজ' বা প্রভাব-প্রতিপত্তির ভাষায় কথা বলতে বেশি আগ্রহী। গত এক বছরে ভেনিজুয়েলায় উত্তেজনা বৃদ্ধি, গ্রিনল্যান্ড নিয়ে পুনরায় আঞ্চলিক আধিপত্যের বাগাড়ম্বর, ন্যাটো জোটের ভেতরে ক্রমবর্ধমান দ্বন্দ্ব এবং মধ্যপ্রাচ্যে কঠোর নিরাপত্তা অবস্থান-এগুলো কোনো বিচ্ছিন্ন ঘটনা নয়। সামগ্রিকভাবে এগুলো ইঙ্গিত দেয় যে, আমেরিকা তার বিশ্বজনীন অবস্থান ধরে রাখার জন্য এখন ভিন্ন পথ বেছে নিচ্ছে।



**ভেনিজুয়েলা সংকট ও নিয়মনীতির বিচ্যুতি :** ভেনিজুয়েলা সংকট এই পরিবর্তনের সবচেয়ে বড় উদাহরণ। ২০২৫ সালের শেষভাগে নিকোলাস মাদুরোর সরকারের সঙ্গে সম্পর্কের চরম অবনতির পর মার্কিন নীতি এখন কেবল গতানুগতিক নিষেধাজ্ঞার মধ্যে সীমাবদ্ধ নেই। ওয়াশিংটন এখন এমন এক সরাসরি চাপের কৌশল গ্রহণ করেছে, যা অর্থনৈতিক বাধ্যবাধকতা এবং ভূরাজনৈতিক সংঘাতের মধ্যকার সীমানাকে অস্পষ্ট করে দেয়। এ ঘটনা একটি বার্তাই দেয় : যখন কৌশলগত মর্যাদা ঝুঁকির মুখে পড়ে, তখন ওয়াশিংটন কূটনৈতিক বা আইনি রীতিনীতি লঙ্ঘন করতেও দ্বিধা করে না। মাদুরোর শাসন যেমনই হোক না কেন, এই উত্তেজনার দৃশ্যমান প্রভাব 'গ্লোবাল সাউথ' বা উন্নয়নশীল দেশগুলোর কাছে একটি বার্তাই পৌঁছে দিচ্ছে-বিশ্বব্যবস্থায় পদ্ধতির চেয়ে শক্তিই এখন মুখ্য।

**গ্রিনল্যান্ড ও ন্যাটোর টানাপোড়েন :** গ্রিনল্যান্ড নিয়ে আমেরিকার নতুন করে ভূখণ্ড দখলের মতো কথাবার্তা ইউরোপীয় মিত্রদের বিচলিত করেছে। একই সঙ্গে ন্যাটোর ভেতরেও ফাটল গভীর হচ্ছে। সামরিক খরচের ভাগাভাগি নিয়ে প্রকাশ্য বিতর্ক এবং ন্যাটোর শক্তি মূলত আমেরিকার ইচ্ছার ওপর নির্ভরশীল-এমন দাবি জোটের মনস্তাত্ত্বিক ভিত্তিকে দুর্বল করে দিচ্ছে। যখন নিরাপত্তার নিশ্চয়তা শর্তসাপেক্ষ হয়ে ওঠে, তখন মিত্র দেশগুলো বিকল্প পথ খুঁজতে শুরু করে।



**জ্বালানি ও নিরাপত্তা :** এই পরিবর্তনের সবচেয়ে সংবেদনশীল প্রভাব পড়ছে মধ্যপ্রাচ্যে। এ অঞ্চলটি জ্বালানি নিরাপত্তা, বৃহৎ শক্তিগুলোর প্রতিযোগিতা এবং অমীমাংসিত সংঘাতের কেন্দ্রবিন্দু। বিশ্বের মোট তেলের প্রায় এক-পঞ্চমাংশ হরমুজ প্রণালী দিয়ে যায়। যদিও উপসাগরীয় জ্বালানি রপ্তানির ৮০ শতাংশ এশীয় দেশগুলোতে (চীন, ভারত, জাপান ও দক্ষিণ কোরিয়া) যায়, তবুও ইউরোপের অর্থনীতি এর ওপর সরাসরি নির্ভরশীল। বিশেষ করে রাশিয়া থেকে জ্বালানি সংযোগ বিচ্ছিন্ন হওয়ার পর উপসাগরীয় অঞ্চলের সমুদ্রপথের স্থিতিশীলতা ইউরোপের অর্থনৈতিক নিরাপত্তার জন্য অপরিহার্য হয়ে দাঁড়িয়েছে।

এ পরিস্থিতিতে মার্কিন যুক্তরাষ্ট্র তার সামরিক উপস্থিতিকে 'অপরিহার্য' হিসাবে তুলে ধরছে। আরব দেশগুলোর প্রতি ওয়াশিংটনের প্রচ্ছন্ন বার্তা হলো : মার্কিন সমর্থন ছাড়া এ অঞ্চলে তারা টিকে থাকতে পারবে না। এই সুরের মধ্যে এখন এক ধরনের মনস্তাত্ত্বিক চাপ মিশে আছে। ওয়াশিংটন বোঝাতে চায় যে, আমেরিকার সমর্থন ছাড়া তাদের আঞ্চলিক প্রতিদ্বন্দ্বীরা তাদের ওপর আধিপত্য বিস্তার করবে। এভাবেই নিরাপত্তাহীনতাকে পুঁজি করে আমেরিকার ওপর নির্ভরশীলতার রাজনীতি টিকিয়ে রাখা হচ্ছে।

**ইরান ও ইসরাইল ফ্যাক্টর :** গাজা যুদ্ধের পর থেকে ইসরাইলের নিরাপত্তা আমেরিকার আঞ্চলিক অবস্থানের সঙ্গে আরও নিবিড়ভাবে জড়িয়ে গেছে। ইরানের নীতিনির্ধারকরা এ পরিস্থিতিকে গভীরভাবে পর্যবেক্ষণ করছেন। ইরানের সর্বোচ্চ নেতার উপদেষ্টা মহসেন রেজায়ি যুক্তি দিয়েছেন, আমেরিকা এখন তার আধিপত্য টিকিয়ে রাখতে মূলত তিনটি অস্ত্রের ওপর নির্ভর করছে : সামরিক সংকেত, নিষেধাজ্ঞার বিস্তার এবং কৌশলগত ভীতি প্রদর্শন। ইরানের নীতিনির্ধারণী মহলে এই চিন্তাটি এখন বেশ প্রবল।

**ডলারের ভবিষ্যৎ ও বৈশ্বিক বাস্তবতা :** এই অস্থিরতার পেছনে অর্থনৈতিক বাস্তবতাও কাজ করছে। আমেরিকার ঋণের বোঝা বাড়ছে, অন্যদিকে 'ব্রিকস' দেশগুলোর মধ্যে ডলারের বিকল্প খোঁজার প্রবণতা তৈরি হয়েছে। যদি বন্ধু রাষ্ট্রগুলোও ধীরে ধীরে ডলারের ওপর নির্ভরতা কমাতে থাকে, তাহলে আমেরিকার বৈশ্বিক আধিপত্যের ভিত্তি নড়বড়ে হয়ে পড়বে। এমন অবস্থায় সামরিক শক্তি প্রদর্শন করার মাধ্যমে ওয়াশিংটন আসলে বাজারকে এই আশ্বাস দিতে চায় যে, আমেরিকার কেন্দ্রিকতা এখনো অক্ষুণ্ণ আছে।

২০২৬ সালের ফেব্রুয়ারি পর্যন্ত প্রাপ্ত তথ্য অনুযায়ী, প্রশ্ন এটি নয় যে যুক্তরাষ্ট্র কি এখনো শক্তিশালী? অবশ্যই তারা শক্তিশালী। আসল প্রশ্ন হলো, অতিরিক্ত চাপ, শর্তসাপেক্ষ মিত্রতা এবং ভীতি প্রদর্শনের মাধ্যমে তারা যে পদ্ধতিতে ক্ষমতা ধরে রাখতে চাইছে, তা বিশ্বব্যবস্থাকে স্থিতিশীল করবে নাকি টুকরো টুকরো করে ফেলবে? ইরানসহ আঞ্চলিক শক্তিগুলোর কাছে এই অনিশ্চয়তা একটি বার্তাই দেয় : সতর্ক থাকো, বিকল্প তৈরি করো এবং ওয়াশিংটনের সঙ্গে সম্পর্ককে একমাত্র গন্তব্য না ভেবে পরিবর্তনশীল বিশ্বের একটি বিকল্প হিসাবে বিবেচনা করো।

মিডল ইস্ট মনিটর থেকে ভাষান্তরিত। পেইমান সালেহি : ইরানি রাজনৈতিক বিশ্লেষক ও লেখক।

# বাড়ি ক্রয়-বিক্রয়ের কথা ভাবছেন?

## সিদ্ধান্ত নেয়ার এখনই সঠিক সময়




MLS

ISLAND ADVANTAGE REALTY

360 Motor Parkway Suite 200A, Hauppauge, NY 11788, 631.351.6000

আপনি (০% থেকে ৩.৫% ডাউন পেমেন্টে) FHA লোন
সেলফ এমপ্লয়েরা ৫% ডাউন পেমেন্টে (শুধু ২০২৫ সালের ট্যাক্স ফাইল দিয়ে)
এবং ইনকাম না থাকলেও ২০% ডাউন পেমেন্ট দিয়ে বাড়ি কিনতে পারেন।

**কামরুজ্জামান বাচ্চু**
**KAMRUZ ZAMAN BACCU**
Licensed Real Estate Salesperson

**347.465.3220**
kamruzbaccu1@gmail.com



**Buying/Selling:**
Residential, Commercial Investment, HUD Auctions, Foreclosures REO/Bank Owned Houses, Short Sale & Stop Foreclosure.

**Rental:**
Cash, W-2
CityPHEPS
PHEPS
Section-8 &
other programs

## House & Co-Ops For Sale

| | | |
|---|---|---|
| 3321 Fish Ave, Bronx, NY 10469 (2 Family) | 4 Beds over 3 Bedrooms+Semi Basement | $995,000 |
| 1715 St Peters Ave, Bronx, NY 10461 (4 Family) | 10 Bedrooms, 6 bathrooms 4 Family House | $1,499,000 |
| 163 Emily Avenue, Elmont, NY 11003 | 4 Bedrooms, 2 bathrooms | $850,000 |
| 8 Patricia Court Bethpage NY11714 | 5 Bedrooms, 5 bathrooms | $1,099,000 |
| 21 Piper Lane, Levittown, NY 11756 | 4 Bedrooms, 2 bathrooms Renovated | $799,000 |
| 114-88 177th Place, Jamaica, NY (2 Family) | 5 Beds, 4 Bathrooms+Basement | $749,000 |
| 787 Stewart Avenue, Bathpage, NY (Long Island) | Single Family | $649,000 |
| 111-32 116th St, Jamaica, NY 11420 | 3 Bedrooms, 2 bathrooms | $799,000 |
| 1067 Mirabelle Ave, Westbury, NY 11590 | 4 Bedrooms, 2 bathrooms | $770,000 |
| 166-25 Powells Cove Blvd #4D Whitestone, NY 11357 | 2 Bedrooms, 2 bathrooms (CO-OP) | $675,000 |
| 3201 Grand Concourse #4M, Bronx, NY 10468 | 1 Bedroom, 1 bathroom (CO-OP) | $175,000 |
| 825 Morrison Avenue #12F, Bronx, NY 10473 | 2 Bedrooms, 1 bathroom (CO-OP) | $319,000 |
| 715 Fox Street #5J, Bronx, NY 10455 | 1 Bedroom, 1 bathroom (CO-OP) | $154,900 |
| 208 Myrtle Avenue, Staten Island, NY | Two Family | $690,000 |
| 140 Arlington Avenue, Valley Stream, NY | Single Family | $704,900 |
| 1326 College Avenue, Bronx, NY | Two Family | $499,000 |

**We Have 200+ Regular, REO and Auction Houses For Sale**

আজই কল করুন, কামরুজ্জামান বাচ্চু (আইল্যান্ড এ্যাডভেন্টেজ রিয়েলটি)- ৩৪৭-৪৬৫-৩২২০



# এই সপ্তাহের কবিতা



## বসন্ত রঙে রাঙিয়ে
### সুফিয়ান আহমদ চৌধুরী

পলাশ শিমুল বনে বনে
পাখির ডাকাডাকি,
খোকন করছে রঙ তুলি
নিয়েই আঁকাআঁকি।

পলাশ ফুলে রঙের মেলা
মনটা যায় জুড়ে,
কোকিল ডাকে কুহু কুহু
মধুর সুরে সুরে।

বসন্ত রঙে রাঙিয়ে যায়
দেয় তো কী যে দোলা,
আনন্দ হাসি কতই খুশি
যায় না সুখ ভোলা।

ফাগুন লগ্ন মনটা মগ্ন
হাসি খুশির মেলা,
ফাগুন রঙে রাঙিয়ে যায়
ফাগুন দিন বেলা।

উড়ছে ফড়িং বেলুন উড়ে
খুশির মেলা ঘরে,
হলদে শাড়ি হলদে ফুল
বসন্ত বরণ করে।



## সত্যই ধর্ম
### সুজন দাশ

ধর্ম মানেই ইসলাম নয়,-নয় হিন্দু খ্রিষ্টান,
নয় বৌদ্ধ জৈন ও শিক, বুঝেই দিও পিছটান!
ধর্ম হলো কর্ম রে তাই ন্যায় হলো তার ভিত্তি,
জাগাও নিজের বিবেকটাকে হিসাবটি দাও নিত্যি।

যার কর্ম যতই ভালো সে মানে ঠিক ধর্ম,
তার থাকে জ্ঞান মনের আলো বোঝে ও তার মর্ম।
ন্যায় ধৈর্য্য সমর্পণ ও জ্ঞান আর প্রেম সঙ্গে,
এ পাঁচ হলো ধর্মের মূল পন্থায় শোভা অঙ্গে!

যেই ধর্মের হোক সেই জন প্রকৃত সেই ভক্ত,
সে ভেসে যায় প্রেমের স্রোতে চায় না হিংসা রক্ত।
হয় প্রেমময় অন্তরও তার থাকে পাপের উর্ধ্বে,
রসনা মেতে বিভেদে সে হয় না খুশি যুদ্ধে।

আধ্যাত্মিক হোক বা না হোক মন যদি হয় শুদ্ধ,
ভালোবাসে স্রষ্টা তারে করে না পথ রুদ্ধ।
আপনাকে ওই বড় ভাবে সত্যি যারা মূর্খ,
সবার মাঝে তাঁহার প্রকাশ রয় লুকিয়ে সূক্ষ্ম।

মানুষ ভজ মানুষ পুজো তাঁকে পেতে চাইলে,
লাভ কিছু নেই বিভেদ করে হিংসা ক্রোধে নাইলে।
দিনের শেষে সত্যরই জয় দেখতে পাবে ভাবলে,
নরক দোযখ মিলে পাপীর খাবেন তিনি খাবলে!



## নিঃশব্দ
### সীমু আফরোজা

মাঝে মাঝেই মনের নিবিড় স্মৃতি গুলো পাল তোলে
কয়েক মুহূর্তের জন্যে সে বিহংগের ডানায় উড়ে।
চোখের সামনে কোলাহলে নতজানু চক্ষু যুগল
আরমোরা দিয়ে হৃদয়ে ধারণ করে কিছু শব্দের
কিন্তু সে নির্বাক নিঃশব্দ
অথচ ধ্যান করলেই সেই শব্দ যেন বর্জাঘাতে হিংস্রতা
সমুদ্রের ঢেউয়ের কখনো মত্ত্ব রূপ ধারণ করে
অথচ সে ভাসিয়ে নিয়ে যায় বহু দূরে
প্রকৃতির সব ঝড় হয় না হিংস্র
আগ্নেয়গিরির লাভার পোড়া শরীর নিয়ে অবিচল দাঁড়িয়ে থাকে পাহাড়
সেও থাকে নিঃশব্দে
হৃদয়ের গভীরে শূন্যতায় সৃষ্টি করে কষ্টের শব্দ
সে ডেকে বলে না তার অভিযোগ
যেভাবে চোখ অশ্রুসিক্ত করে বলে যায় কথা নিংড়ে তার ব্যথা
শব্দের মাঝে মিশ্রণে অধিক শব্দের হাহাকার
অথচ জীবনের নিঃশব্দের কতটা অপব্যবহার



## সবুর করো
### আনজানা ডালিয়া

জীবন খুব ছোট
এই ছোট জীবনে তোমার স্মৃতি নিয়ে কাটানো
কোন ব্যাপারই নয়।
দেখছি তুমি হাসছো আমারি সামনে বসে,
এই তো ফিল করছি তুমি চুমু দিচ্ছো কপালে,
চোখের উপর আসা চুলগুলো সরিয়ে দিচ্ছো,
এই অনুভবেই জীবনের পথ চলে যাচ্ছে।
আর কটা দিন সবুর করো
তোমার পাশে তারা হবো
জ্বলজ্বল করে জ্বলবো।



## বাংলা আমার মাতৃভাষা
### আহম্মদ হোসেন বাবু

বাংলা আমার মাতৃভাষা বাংলা আমার প্রাণ
বাংলা আমার বরকত সালাম বাংলা ফুলের ঘ্রাণ।
বাংলা আমার কৃষ্ণচূড়া, লালের মধ্যে লাল
বাংলা আমার হিজল তমাল নৌকায় তোলা পাল।

বাংলা আমাদের প্রথম দাবি প্রথম চিৎকার
রক্তমাখা আসাদের শার্ট শপথ অঙ্গীকার।
বাংলা আমার মুখের ভাষা সমুদ্রের গর্জন
ভাষার জন্যে জীবন দিয়ে করেছি অর্জন।

আন্তর্জাতিক মাতৃভাষার পেলাম স্বীকৃতি
শোষণের বেড়াজাল থেকে পাইনি নিষ্কৃতি।
বাংলা এখন ভারতবর্ষের ধ্রুপদী ভাষা
তাই দেখে জুড়ায় পরান মনে জাগে আশা।

আফ্রিকার একটি দেশ নাম তার সিয়েরা লিওন
বাংলা লেখার ঠিকানায় ছুটছে জোরে পিয়ন।
বাংলার জন্যে হয়ে হন্যে, শিলচরের মানুষ
কত প্রাণ বলিদান সরকারের নেই কোন হুশ।

প্রথম নারী ভাষা শহিদ কমলা তাঁর নাম
পৃথিবীর সকল মানুষ জানায় তাঁকে প্রণাম।
যেখানেই যাও, থাকো যে কোন ভাষার কাছে
জিহবায় মাতৃভাষা সর্বদা যেন নাচে।

আমার মাতৃভাষা, আমার ভালোবাসার ধন
সে ভাষাতেই সকাল-সন্ধ্যা আটকে থাকে মন।



## অমর একুশ
### আসাদুজ্জামান খান মুকুল

বুকের গভীরে জাগে ভাষার বাণী,
সুখের বারতা দেয় হৃদয়ে আনি।
সযতনে রাখি বুলি, দু'হাতে আঁচল তুলি,
কাব্য-গীতিতে তুলি সকল গ্লানি,
বাংলা ভাষার সুধা মধুর জানি।

বর্ণের মালা গাঁথি প্রাণের সুতে,
আঁধার কাটিয়া যায় আলোর দ্যুতে।
শহীদের মরণ পণে, আমরি বাংলা সনে,
ঝিনিকি ঝিনিকি মনে সত্য পুতে,
বিজয় ফুটিয়া রয় মাটির চূতে।

লেখনীর টানে জাগে স্বপ্ন আশা,
বিশ্বে মহান এ প্রাণের ভাষা।
সবার ভরসা টানে, নতুন কবিতা তানে,
বাঁচার বারতা আনে জাগায় আশা,
ঘোচায় বিষাদময় ঘোর দুরাশা।

শহীদ স্মরণে আজ শির আনত,
স্মৃতিরা জাগিয়া রয় মনে সতত।
পুত সে প্রাণের আলো, সরায়ে সকল কালো,
বাসিব বাংলা ভালো মায়ের মত,
বাঙালি জাগিয়া রয় প্রতিনিয়ত।

বুকের শোণিতে কেনা এ সম্মান,
কণ্ঠেতে ওঠে বেজে সুর বিতান।
বাঙালি হৃদয়ে জাগে একুশের অনুরাগে,
শহীদী মহান ত্যাগে,দুলে পরান।
বাংলা ভাষা বাঙালির দানিছে মান।



## একুশের লালন
### শহীদুল্লা হক ভূইয়া

একুশ আমার বায়ান্নর সাড়া,
তার ডাকে দীপ্ত হল দেশ।
গণমানুষের তীরে যেন মন কাড়া।।

একুশ আমার ব্যাকুলতার উদয়,
হাজার মনে হাতছানি দেয়।
বাবা,মা,ভাই হারার অন্তিম সময়।।

একুশ আমার অহংকারে ঝংকার,
স্বজন হারিয়ে পেয়েছি স্বাধীনতা।
জীবন তরী ভাসিয়ে দিয়েছি আবার।।

একুশ আমার রণাঙ্গনের ভাবমূর্তি,
যুদ্ধে হয়েছে মোর বিজয় ধ্বনি।
রাখবনা তাই শত্রু ধ্বংসীয় যত স্মৃতি।।

একুশ আমার প্রভাতি অন্বেষণ,
ভুলে যাই যত আহাযারি আর ক্রন্দন।
ফিরে পাই আবার কোটি মানুষের বন্ধন।।



## অ আ ক খ
### মোহাম্মদ মহিবুর রহমান

অ আ ক খ বর্ণ দিয়ে ভাষার পাঠ শুরু করো
পবিত্র কালামে আল্লাহ বলেন- ইকরা পড়ো
এগারটি স্বরবর্ণ, উনচল্লিশটি ব্যঞ্জন মিলে বর্ণমালা
শিশু বয়সে শুরু হয় অক্ষরের খেলা।

অল্পপ্রাণ, মহাপ্রাণ- নানা ধ্বনির মাত্রা
শুদ্ধ উচ্চারণে চাই যত্ন ও সচেতনতা।
আ কার, ই কার, ঈ কার সনে
উ কার, ঊ কার, ঋ কার-শিখে যতনে।

যুক্তবর্ণের পাঠে বাড়ে জ্ঞানের গতি
ভাষা শিক্ষায় মানতে হয় সঠিক নিয়ম-নীতি।
উচ্চারণে আছে আঞ্চলিকতার বাহার
সিলেট, চট্টগ্রাম, নোয়াখালী এবং বরিশাল-বৈচিত্রের সম্ভার।

যুগে যুগে মনীষীগণ করছেন গবেষণা
বাংলা ভাষা বিশ্ব দরবারে পেয়েছে সম্মাননা।
ভাষার জন্য প্রাণ দিয়ে বাঙালি ইতিহাসের পাতায়
হেসে হেসে জীবন দিয়েছে মাতৃভাষার মহিমায়।

আমাদের গর্ব-আমাদের বর্ণমালা ও ভাষা
বাংলা ভাষা ছাড়া পূরণ হয় না হৃদয়ের আশা।



## একুশ শেখায়
### মো. সৈয়দুল ইসলাম

একুশ আমায় দেয় শিখিয়ে
অ আ ক খ বর্ণ,
বর্ণগুলো রক্তে কেনা
অমূল্য এক স্বর্ণ।

একুশ আমায় দেয় শিখিয়ে
বাংলা ভাষার গল্প,
বাংলা ভাষায় মধু ভরা
যদিও বলো অল্প।

একুশ আমায় দেয় শিখিয়ে
আত্মত্যাগের গান,
সালাম বরকত রফিক জব্বার
বাংলা ভাষার প্রাণ।

একুশ আমায় দেয় শিখিয়ে
বাংলা চর্চা করতে,
মায়ের ভাষার শুদ্ধ চর্চায়
জিবনটারে গড়তে।

একুশ আমায় দেয় শিখিয়ে
শির উঁচিয়ে লড়তে,
দেশের জন্য ভাষার জন্য
হাসিমুখে মরতে।



## শহিদ হলো সেই ছেলেটি
### সাঈদুর রহমান লিটন

দিন কেটে যায় মাসও কাটে
আসলো না তো ফিরে,
বৃদ্ধা মাতা কান্দে কেবল
একলা বসে নীড়ে।

একটি মাত্রই ছেলে মাতার
ভাষার যুদ্ধে গেছে,
মায়ের ভাষা সঙ্গে করে
ফিরবে নেচে নেচে।

মায়ের ভাষা ফিরে পেলেও
ছেলে আসেনি আর,
বুকের ভিতর পুড়ে যাচ্ছে
মন বুঝে না তার।

চোখের পাতায় পর্দা পরে
পথের পানে চেয়ে,
যে পথে তার ছেলে গেছে
বসে সেথায় যেয়ে।

মায়ের মন তো বুঝে না যে
আসবে না আর ফিরে,
শহীদ হলো সেই ছেলেটি
রক্ত ঝরে ঝরে।

দু'হাত তুলে খোদার কাছে
এই মিনতি করে,
ভাষার যুদ্ধে জিতে গিয়ে
যেনো ফিরে ঘরে।


ZILLUR TAX ACCOUNTING & INSURANCE SERVICES
• Tax Filing & Payroll
• IRS Audit Assistance
• Insurance &
• Real Estate Services
Zillur Rahim
EA, CAA, MBA
IRS Enrolled Agent
• OUR SERVICES
☐ Personal Tax Filing
☐ Business Tax Filing
☐ New Business Setup
☐ Home & Business Insurance
☐ Immigration Services
☐ ITIN Number Application
☐ Notary Services
zillurincometaxnyc@gmail.com
www.zillurtaxandinsurance.com
Cell: 646-322-3254
Office: 718-374-3110
88-11 169 Street, 2nd Floor
Jamaica, NY 11432


IMMIGRATION
ইমিগ্রেশন
TRANSLATION
TAX FILING
Dilli R. Bhatta
Attorney at Law
Shamim Shahed
Certified Paralegal
Legal Investigator
• ইমিগ্রেশন • অ্যাসাইলাম
• অ্যাক্সিডেন্ট • পারসোনাল ইনজুরি
• ডিভোর্স (আনকনটেস্টেড)
631-805-1051
Primavera 37-07 74th Street, Suite #3
Jackson Heights, NY 11372
We Work with
BHATTA LAW & ASSOCIATES


www.careeracademyny.com
CAREER ACADEMY OF NEW YORK
BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!
HHA, PCA & PCA TO HHA
CERTIFICATION COURSE
347-425-3878
CALL NOW
A CONCERN OF
SHAH NAWAZ GROUP
SNG
SHAH NAWAZ GROUP
347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208

# New York lawmakers seek rent control to protect small businesses

Ajkal Desk



A coalition of state lawmakers and small business groups want to build on New York City Mayor Zohran Mamdani's campaign pledge to "freeze the rent" and extend rent control to commercial properties like bodegas and mom-and-pop shops.
A new bill would create a commercial rent guidelines board that would set maximum allowable rent increases, standardize lease terms to 10 years and provide commercial tenants with the right to demand written lease agreements.
"This issue has been around for a while, but it hasn't had a real champion at the state level," said Assemblymember Emily Gallagher of Greenpoint, Brooklyn, one of the lead sponsors. "We're seeing massive rent hikes that really no local business could afford."
Gallagher pointed to several businesses in her district that recently closed due to unsustainable rent increases, including the beloved Pencil Factory dive bar. A recent Association for Neighborhood & Housing Development study found commercial rents across Brooklyn increased 25% from 2019 to 2022.
Advocates argue rent stabilization and longer leases would also address the issue of boarded-up corner stores and empty shop windows. City data shows about 12% of storefronts are currently vacant.
Landlords are "keeping storefronts vacant until larger, wealthier tenants come along," state Sen. Julia Salazar of Brooklyn said in a statement. "This is a toxic and now commonplace pattern that is shuttering our local businesses, putting New Yorkers out of work, and turning our vibrant neighborhoods into chain malls."
Real estate interests and landlord groups oppose the measure.
"Capping the income of small property owners when the expenses and costs to operate and maintain our buildings rise astronomically year-over-year hasn't been the answer on the residential rental side, and it certainly isn't the solution on the commercial retail side either," Small Property Owners of New York Board President Ann Korchak said in a statement.
"I think it's terrible," said Olga Someras, an attorney with the real estate law firm firm Kucker Marino Winiarsky & Bittens. "It doesn't recognize a lot of the practicalities and the realities around these types of relationships and these types of businesses."
Someras said commercial leases are not always fixed monthly rents, but rather percentages of revenue. She said the new law would treat a corner bodega the same as Continued on page 26

## Queens community boards ask for funding amid city budget crunch



Ajkal Desk

Queens' 14 community boards made their annual funding pitch to the borough president during a public hearing on Monday – but the city's fiscal outlook may make getting additional dollars to the local boards more difficult.
With the city still working to dig itself out of a $5 billion budget hole, Queens CB members asked Borough President Donovan Richards to fund their community priorities with what money he does have. The borough president's own office is facing a nearly $2 million budget cut in Mayor Zohran Mamdani's preliminary budget. At one point during the Monday budget hearing, which was held online due to the winter storm, a board representative said funding local parks should be "easy." "It ain't easy," Richards said. "I got a budget cut."
Still, the BP is holding out hope the city's budget gap isn't as extreme as believed and that funding the borough will increase as budget negotiations move forward.
"Until the mayor and Council speaker shake hands on a final city budget for Fiscal Year 2027, it would be far too premature to responsibly discuss at this stage of the budget negotiation process what future funding decisions the Queens borough president's office may make," said spokesperson Chris Barca. "However, just like any other budget cycle, Borough President Richards will work alongside Queens' community board leadership this spring to identify and prioritize capital projects that directly improve the lives of our families."
Regardless of the city's budget circumstances this year, the priorities from Queens' CB's remained mostly in line with long-standing concerns around flooding and public safety.
"A lot of our priorities in recent years have been environmental sewer projects," said Gary Giordano, district manager for CB5. He was not alone in his concern.
Addressing flooding and the borough's outdated sewage infrastructure was on the grocery list for more than half of the boards that testified on Monday.
While the city has put some money into storm Continued on page 26


Kathy Hochul

## Hochul increases funding as Mamdani sounds alarm on NYC budget hole

Shah Nawaz

Mamdani and other municipal leaders are grappling with budget holes, Gov. Kathy Hochul is giving out even more cash.
The Democratic governor's proposed budget is growing to $262.7 billion, officials said, and she plans to dole out more money to community health clinics and municipalities around the state.
